



উপজেলা পরিক্রমা রায়পুর

॥ সংবাদদাতা ॥

লক্ষীপুর জেলার উত্তর-পশ্চিমে অবস্থিত অন্যতম উপজেলা রায়পুর। ২২-৪৬ থেকে ২৩-০২ উত্তর অক্ষাংশে এবং ৯০-৪৫ ডিগ্রী থেকে ৯১-০০ ডিগ্রী পূর্ব দক্ষিণাংশে এর অবস্থান। আয়তন ৭৮ বর্গ মাইল। লোকসংখ্যা ১ লাখ ৯১ হাজার ৫শ' জন। তার মধ্যে পুরুষ ৯৭ হাজার ১শ' জন এবং মহিলা ৯৪ হাজার ৪শ' জন। এ উপজেলায় ৪৯টি গ্রাম এবং ৭টি ইউনিয়ন রয়েছে। এতে পরিবারের সংখ্যা ৩৬ হাজার ১শ' ৩০টি। অধিকাংশ পরিবার কৃষির উপর নির্ভরশীল।

কৃষি ব্যবহার
এখানকার বেশীর ভাগ লোকই কৃষিজীবী। মোট জমির পরিমাণ ৪৯ হাজার ৯শ' ২০ একর। কৃষি জমির পরিমাণ ৩১ হাজার একর। এক ফসলী জমির পরিমাণ ৩ হাজার একর। দু'ফসলী জমির পরিমাণ ১৭ হাজার একর। তিন ফসলী জমির পরিমাণ ১১ হাজার একর। কৃষি সার সেন্টার ২টি। কৃষি পণ্যের মধ্যে ধান এবং পাটই প্রধান। তাছাড়া প্রচুর নারকেল এবং সুপারিও উৎপাদিত হয়।

চিকিৎসা ব্যবস্থা
প্রায় দু'লাখ লোকের চিকিৎসা ব্যবস্থার জন্য উপজেলা সদরে একটি মাত্র স্বাস্থ্য কেন্দ্র রয়েছে। এতেও প্রয়োজনীয় যন্ত্রপাতি ও ওষুধের অভাবে রোগীদের চরম দুর্ভোগ পোহাতে হয়। এ উপজেলায় ২টি পল্লী স্বাস্থ্য চিকিৎসালয় রয়েছে। প্রয়োজনের তুলনায় অত্যন্ত নগন্য।

যোগাযোগ ব্যবস্থা
অতীত থেকে সড়ক ও নৌ-পথে এ উপজেলার যোগাযোগ ব্যবস্থা চমৎকার ছিল বটে। কিন্তু রতমানে প্রয়োজনীয় সংস্কার ও তত্ত্বাবধানের অভাবে নৌ যোগাযোগ বিলুপ্তির পথে প্রায়। সড়ক যোগাযোগের ক্ষেত্রেও অপ্রশস্ত রাস্তা এবং বিভিন্ন স্থানে ভেঙ্গে যাওয়ায় বাস-ট্রাক চলাচলে যাত্রীদের এবং মালামাল আনা-নেয়ায় নানা দুর্ভোগ পোহাতে হয়। রায়পুর থেকে চাঁদপুর পর্যন্ত রাস্তাটি নির্মাণের দীর্ঘ দিনের পরিকল্পনা থাকলেও আজও বাস্তবায়িত হয়নি।

শিক্ষা ব্যবস্থা
এ উপজেলার মোট জনসংখ্যার ৩০% শিক্ষিত। এখানে ১টি কলেজ আছে। এ ছাড়া ১১টি হাই স্কুল, ৫টি জুনিয়র হাই স্কুল, ৩টি বালিকা উচ্চ বিদ্যালয়, ৮২টি সরকারী প্রাথমিক বিদ্যালয়, ৩২টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়, ১টি মাদ্রাসা-ই আলীয়া, ২টি সিনিয়র মাদ্রাসা, ৬টি জুনিয়র মাদ্রাসা, ১২৫টি ফোরকানিয়া মাদ্রাসা এবং ১৭টি হাফেজিয়া মাদ্রাসা আছে।

শিল্প ব্যবস্থা
এ উপজেলায় ১টি বস্ত্রকল, ১টি মৎস্য প্রজনন কেন্দ্রসহ অনেক ছোট-বড় ও মাঝারি ধরনের শিল্প প্রতিষ্ঠান আছে।

বাণিজ্য ব্যবস্থা
নারকেল এবং সুপারির ব্যবসা কেন্দ্র হিসেবে স্থানটি গুরুত্বপূর্ণ। এখানে ৯টি বাণিজ্যিক ব্যাংক আছে। এ উপজেলায় ১২টি বাজার আছে। কিন্তু প্রয়োজনীয় উন্নয়নমূলক পদক্ষেপের অভাবে নানা সমস্যায় জর্জরিত।